[redacted]

[redacted]

[redacted]

[

গণপরিবহনে ভুল করে বয়স্ক আর প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত আসনে বসে গেলেই বিপদ। মাশুল দিতে হবে ২০০ ইউরো। দ্বিগুণ গুণতে হবে একই অপরাধ আবার করলে।

পাবলিক প্লেসে বাধা অতিক্রম করলে

পাবলিক প্লেসে কর্তৃপক্ষের ঘেরাও করা জায়গা অতিক্রম করলে একবারেই ৫০০ রিয়ালের জরিমানা। পরবর্তীতে হবে দ্বিগুণ জরিমানা।

পাবলিক প্লেসে যথাযথ পোশাক পরা

পাবলিক প্লেসে সৌদি আরবের ‘ড্রেস কোডের’ সঙ্গে যায় না এমন পোশাক পরা যাবে না। এমনকি পোশাকে ‘অপবিত্র আর অশ্লীল’ কোনও প্রতীকও থাকা চলবে না। কেউ অন্তর্বাস বা ঘোমানোর পোশাক পরে বাইরে বের হলেও অপরাধ হিসেবে গণ্য হবে। এই তিন ক্ষেত্রেই প্রথমবার ১০০ আর পরবর্তীতে ২০০ রিয়াল করে জরিমানা দিতে হবে।

পোশাকে নগ্নতা

পাবলিক প্লেসে আপনার পোশাকে এমন কোনও ভাষা, ছবি বা প্রতীক থাকা যাবে না যা বৈষম্য ও বর্ণবাদ, পর্নগ্রাফি বা মাদকের ব্যবহার উসকে দিতে পারে। এজন্য প্রথমবারই ৫০০ ইউরো গুণতে হবে।

গণপরিবহন ও দেয়ালে লেখালেখি

অনুমতি ছাড়া পাবলিক পরিবহন অথবা দেয়ালে লেখালেখি, আঁকাআঁকি করলে প্রথমবারের শাস্তি ১০০ রিয়াল জরিমানা। একই জরিমানা হবে বর্ণবাদী বা কোনও প্রচার সংক্রান্ত স্লোগান বা ছবি দিলেও। ১০০ রিয়াল মাশুল দিতে হবে বাণিজ্যিক প্রচারপত্র বিলি করার জন্যেও।

কাউকে আক্রমণ করা

শারীরিক বা মৌখিকভাবে কাউকে আক্রমণ করা যাবে না। এমন কর্মকাণ্ডে কেউ ভয় পেলে বা ক্ষতিগ্রস্ত হলে ১০০ রিয়াল গুণতে হবে।

অগ্নি প্রজ্বলন

ভুল করেও পাবলিক প্লেস বা পার্কে আগুন জ্বালিয়ে ফেললে শাস্তি ১০০ রিয়াল।

লাইন ভাঙলে ৫০ রিয়াল

অনুমতি ছাড়া পাবলিক প্লেসের অপেক্ষারত লাইন অতিক্রম করলে ৫০ রিয়াল জরিমানা গুণতে হবে।

বৈদ্যুতিক বা লেজার বিম ব্যবহার

বৈদ্যুতিক কোনও কিছু বা লেজার বিম ব্যবহার করে কাউকে ভয় দেখালে বা ক্ষতি করলে প্রথমবারের শাস্তি ১০০ রিয়াল, পরবর্তীতে ২০০ করে।

ছবি বা ভিডিও তোলা

অনুমতি ছাড়া কারও ছবি তুললে বা ভিডিও করলে বড় ধরনের অপরাধ হিসেবে গণ্য হবে। একইভাবে অনুমতি ছাড়া তোলা যাবে না দুর্ঘটনা বা অন্য কোনও ঘটনার ছবি। এসব ক্ষেত্রে প্রথমবারের শাস্তি ১০০০ রিয়াল। একই অপরাধ আবার করলে গুণতে হবে ২০০০ রিয়াল।